# জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং- ১৭(৭৬৯)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রফেশনাল ভর্তি/২০২৬/৫৭১৬ তারিখঃ ০৫/০২/২০২৬

## ২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

(সংশ্লিষ্ট কোর্সসমূহের জন্য চলমান শিক্ষাবর্ষ প্রযোজ্য হবে)

ভর্তি বিষয়ক ওয়েবসাইটঃ (www.nu.ac.bd/admissions)

**আবেদনের সময়ঃ ০৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বিকাল ৪টা থেকে ০৩ মার্চ ২০২৬ তারিখ রাত ১২ টা পর্যন্ত**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে পাঠদানকারী কলেজসমূহে ২০২৬ শিক্ষাবর্ষে বিএড, বিপিএড, বিএমএড, বিএসএড, এমএড, এমএসএড, এমপিএড, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এলএলবি শেষপর্ব, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এমবিএ ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন [এমবিএ] ও ২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স ইন মিডিয়া এন্ড জার্নালিজম কোর্সের ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ০৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ০৩ মার্চ ২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) ০৪ মার্চ ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এই শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১৫ এপ্রিল ২০২৬ তারিখ থেকে শুরু হবে। ২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে আবেদনকারীদের স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজে আলাদাভাবে কোর্সভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে। উল্লেখ্য যে, প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারী কর্তৃক প্রদত্ত ছবি/কোন তথ্য ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Prospectus /Important Notice** অপশন থেকে জানা যাবে।

**১। কোর্সভিত্তিক আবেদনের যোগ্যতা ও শর্তাবলী**

**ক) ২০২৬ শিক্ষাবর্ষে ব্যাচেলর অব এডুকেশন [বিএড] কোর্সে আবেদনের যোগ্যতা ও শর্তাবলী**

**i)** মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ও তালিকাভুক্ত (ডেপুটেশন প্রাপ্ত) শিক্ষকগণের ২০২৬ শিক্ষাবর্ষে বিএড কোর্সে ভর্তির শর্তাবলীঃ

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ও তালিকাভুক্ত (ডেপুটেশন প্রাপ্ত) শিক্ষকগণ তাদের জন্য বরাদ্দকৃত সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহে ২০২৬ শিক্ষাবর্ষে বিএড কোর্সে অগ্রাধিকারের ভিত্তিতে সরাসরি ভর্তি হওয়ার সুযোগ পাবেন। এ লক্ষ্যে ডেপুটেশন প্রাপ্ত শিক্ষকগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন না করে সরাসরি বরাদ্দকৃত সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজে ০৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ থেকে শুরু হয়ে ০৩ মার্চ ২০২৬ তারিখের মধ্যে আবেদন করবেন। এ ধরণের আবেদনকারীকে কলেজ কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে হবে এবং আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতার সকল নম্বরপত্র, সনদপত্র, ডেপুটেশন প্রাপ্তির অফিস আদেশ, প্রযোজ্য ক্ষেত্রে মূল মাইগ্রেশন সনদ, শিক্ষকতার প্রত্যয়ন পত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) মূলকপি, দুই কপি পাসপোর্ট সাইজের সম্প্রতি তোলা ছবি ও আবেদন ফি নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে। এ ক্ষেত্রে সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় এ সকল আবেদন পত্র যাচাই-বাছাই করে আবেদনকারীদের একটি পূর্ণাঙ্গ তালিকা ও প্রয়োজনীয় তথ্য ১৫ মার্চ ২০২৬ তারিখের মধ্যে ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর প্রেরণ করবেন।

**ii)** ডেপুটেশন প্রাপ্ত শিক্ষক ব্যতীত অন্যান্য আবেদনকারীদের ২০২৬ শিক্ষাবর্ষে বিএড কোর্সে আবেদনের যোগ্যতা ও শর্তাবলীঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ২/৩ বছর মেয়াদী স্নাতক (পাস) অথবা ৩/4 বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ পেতে হবে।

উল্লেখ্য যে, ডেপুটেশন প্রাপ্ত শিক্ষক ব্যতীত অন্যান্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Master's Tab** এর **Blank Data Entry Form (Mprof Phase-2)** অপশন থেকে নির্ধারিত সময়ের মধ্যে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।

**খ) ২০২৬ শিক্ষাবর্ষে ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন [বিপিএড], ব্যাচেলর অব মাদ্রাসা এডুকেশন [বিএমএড] ও ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন [বিএসএড] কোর্সে আবেদনের যোগ্যতাঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ২/৩ বছর মেয়াদী স্নাতক (পাস) অথবা ৩/4 বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ পেতে হবে।

বিপিএড কোর্সে প্রাথমিক আবেদনের ক্ষেত্রে প্রার্থীর বয়স ৩৫ বছরের অধিক হবে না (৩১/১২/২০২৫ তারিখ পর্যন্ত) তবে শিক্ষকগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে আবেদনকারীর বয়স ও কোর্সভিত্তিক যোগ্যতার বিষয়টি সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ যাচাই করবেন।

**গ) ২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার অব এডুকেশন [এমএড] কোর্সে আবেদনের যোগ্যতা:**

জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে বিএড/বিএমএড পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ/জিপিএ ২.২৫ পেতে হবে।

**ঘ) ২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার অব স্পেশাল এডুকেশন [এমএসএড] কোর্সে আবেদনের যোগ্যতা:**

জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে বিএসএড/বিএড/বিএমএড পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ/জিপিএ ২.২৫ পেতে হবে।

**ঙ) ২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার অব ফিজিক্যাল এডুকেশন [এমপিএড] কোর্সে আবেদনের যোগ্যতা:**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ সাল থেকে ২০২৫ সাল পর্যন্ত বিপিএড পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ পেতে হবে।

**চ) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ব্যাচেলর অব ল' [এলএলবি] শেষপর্বে আবেদনের যোগ্যতাঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত এলএলবি ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

**ছ) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং কোর্সে আবেদনের যোগ্যতাঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ২০১০ সাল হতে ২০২৩ সাল পর্যন্ত চার বছর মেয়াদী বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর/সিজিপিএ ২.২৫ পেতে হবে।

**জ) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন [এমবিএ] আবেদনের যোগ্যতা:**

জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ২০১০ সাল হতে ২০২৩ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর/সিজিপিএ ২.২৫ পেতে হবে।

**ঝ) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এমবিএ ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্সে আবেদনের যোগ্যতাঃ**

**i)** জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছর মেয়াদী ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট/ব্যবসায় প্রসাশন (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ পেতে হবে।

**ii)** বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে ইউজিসি কর্তৃক তাদের অর্জিত ৪ বছর মেয়াদী ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্সের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অনুচ্ছেদ-১ ঝ) এর **i)** নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত

সময়ের মধ্যে ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে **(adm.masf@nu.ac.bd)** আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, ইউজিসি কর্তৃক সমতা নিরূপনের কপি, মাইগ্রেশন সনদের মূল কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

**ঞ) ২০২৫ শিক্ষাবর্ষে দুই বছর মেয়াদী মাস্টার্স ইন মিডিয়া এন্ড জার্নালিজম কোর্সে আবেদনের যোগ্যতা:**

**i)** জাতীয় বিশ্ববিদ্যালয়সহ ইউজিসি অনুমোদিত পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক (সম্মান/পাস) অথবা সমমানের ডিগ্রীপ্রাপ্ত ছাত্র//ছাত্রী উক্ত প্রোগ্রামে ভর্তি হতে পারবে। তবে কোন পরীক্ষাতেই তৃতীয় শ্রেণি অথবা সিজিপিএ ৫ এর মধ্যে ২.৫ অথবা সিজিপিএ ৪ এর মধ্যে ২.২৫ এর নীচে আবেদন গ্রহণযোগ্য হবে না।

**ii)** গণমাধ্যম/জনসংযোগ/বিজ্ঞাপন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরতদের অগ্রাধিকার দেয়া হবে।

**iii)** ২০২৫ শিক্ষাবর্ষে দুই বছর মেয়াদী মাস্টার্স ইন মিডিয়া এন্ড জার্নালিজম কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন না। এ সকল আবেদনকারীকে প্রার্থীত কোর্সে আবেদনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে উপরিউক্ত সময়ের মধ্যে সরাসরি যোগাযোগ করতে হবে। উল্লিখিত কোর্সসমূহের ভর্তি কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তত্ত্বাবধানে পরিচালিত হবে। কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কোর্সের রেগুলেশন অনুযায়ী আবেদনের যোগ্যতা যাচাই করে প্রাথমিক আবেদন গ্রহণ করবেন।

ট) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত ইউজিসি স্বীকৃত অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রীধারী আবেদনকারীদের ক্ষেত্রে চূড়ান্ত ভর্তির সময় অন্যান্য কাগজপত্রের সঙ্গে অবশ্যই মূল মাইগ্রেশন সনদ সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে। এ ধরণের শিক্ষার্থী ভর্তি পরবর্তী নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজে মূল মাইগ্রেশন সনদ দাখিল করতে ব্যর্থ হলে তার রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।

ঠ) আবেদনকারীকে অবশ্যই উপরিউক্ত কোর্সভিত্তিক ভর্তি যোগ্যতা ও শর্তাবলী মেনে অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।

ড) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারী কর্তৃক প্রদত্ত ছবি/কোন তথ্য ভুল অথবা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঢ) মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। ২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদনের সময়সূচি

| ক্রমিক | করণীয় | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করার তারিখঃ | ০৮/০২/২০২৬ থেকে ০৩/০৩/২০২৬ |
| খ) | প্রাথমিক আবেদন ফরমসহ আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখঃ | ০৯/০২/২০২৬ থেকে ০৪/০৩/২০২৬ |
| গ) | কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করার তারিখঃ | ০৯/০২/২০২৬ থেকে ০৫/০৩/২০২৬ |
| ঘ) | কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [আবেদনকারী প্রতি ৮০০/- (আটশত) টাকা হারে] সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Mprof Phase-2)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ০৮/০৩/২০২৬ থেকে ১২/০৩/২০২৬ |

৩। মেধা তালিকা প্রণয়ন পদ্ধতি

ক) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ও তালিকাভুক্ত ডেপুটেশন প্রাপ্ত শিক্ষকগণ তাদের জন্য বরাদ্দকৃত সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহে ২০২৬ শিক্ষাবর্ষে বিএড কোর্সে অগ্রাধিকারের ভিত্তিতে সরাসরি ভর্তি হওয়ার সুযোগ পাবেন। পরবর্তীতে এ সকল কলেজে শূন্য আসন সাপেক্ষে অন্যান্য আবেদনকারীদের বিএড কোর্সে মেধা তালিকা প্রণয়ন করে কোর্স বরাদ্দ দেয়া হবে।

খ) এছাড়া অন্যান্য মাস্টার্স (প্রফেশনাল) কোর্সসমূহে আবেদনকারী প্রার্থীদের স্নাতক(পাস)/স্নাতক(সম্মান)/ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট (সম্মান)/বিএড/ বিএড(সম্মান)/বিএমএড/বিএসএড/বিপিএড/এলএলবি পার্ট-১/বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ব্যাচেলর অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন [বিবিএ] পরীক্ষায় প্রাপ্ত নম্বর/সিজিপিএ এর শতকরা হার অনুযায়ী মেধাক্রম নির্ধারণ করে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে কোর্সভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে। যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম একই হয় সেক্ষেত্রে তাদের মধ্যে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।

গ) এ ভর্তি কার্যক্রমের ফলাফল পর্যায়ক্রমে মেধা তালিকা, কোটা ও রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে প্রকাশ করা হবে।

ঘ) সংশ্লিষ্ট কলেজ **User ID, Password** ও **OTP** ব্যবহার করে কোর্সভিত্তক ফলাফল দেখতে পারবে। আবেদনকারীরা ভর্তি বিষয়ক ওয়েবসাইটে **Login** করে অথবা **SMS (nu<space>atpm<space>roll no** টাইপ করে **17222** নম্বরে **send** করতে হবে**)** এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

ঙ) কলেজ কর্তৃক কোন আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে ঐ আবেদনকারীকে এ ভর্তি কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হবে না অর্থাৎ তার কোন মেধা তালিকা প্রণয়ন করা হবে না।

৪। প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

ক) আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Master's Tab**-এ গিয়ে **Apply Now (Mprof Phase-2)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর স্নাতক(সম্মান)/স্নাতক(পাস)/ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট (সম্মান)/বিপিএড/বিএড/বিএড(সম্মান)/বিএসএড/ বিএমএড/এলএলবি পার্ট-১/বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ব্যাচেলর অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন [বিবিএ] পরীক্ষার রোল ও রেজিস্ট্রেশন নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস্ সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) **Blank Data Entry Form (Mprof Phase-2)** এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম পূরণের ক্ষেত্রে আবেদনকারীকে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে নিজ নাম. পিতা ও মাতার নামসহ সংশ্লিষ্ট স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, পঠিত বিষয়/কোর্স, প্রাপ্ত নম্বর **(Marks Obtained)**/সিজিপিএ ও মোট নম্বর **(Total Marks)**/স্কেল, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস্ সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়া আবেদনকারীর স্নাতক পর্যায়ে অর্জিত মার্কশীটের সত্যায়িত কপি স্ক্যান করে আপলোড করতে হবে। এখানে উল্লেখ্য যে, আবেদনকারীকে অবশ্যই এই বিজ্ঞপ্তিতে বর্ণিত কোর্সভিত্তিক ভর্তি যোগ্যতা ও শর্তাবলী মেনে অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য যে কোন বিশ্ববিদ্যালয়ে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। তবে পূর্বের ভর্তি বাতিলপূর্বক ২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে ভর্তি হতে পারবে। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঘ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** অথবা **Female** এর স্থলে **Male** প্রদর্শিত হলে **Click to Change** অপশনে গিয়ে সঠিক **Gender** এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা **Gender** ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

ঙ) এ পর্যায়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে অধিভুক্ত কোর্সের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে এবং আবেদনকারীকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিত কোর্সের পছন্দ নির্ধারণ করতে হবে।

চ) মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম ও পোষ্য (**Ward**) কোটায় আবেদন করতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। সংশ্লিষ্ট কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। একজন আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে আবেদন ফরমে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন কোর্সভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

ছ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size: 50Kb.** উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

জ) সঠিক তথ্য ও ছবিসহ আবেদন ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন ওয়েবসাইটে প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4 (8.5"×11")** অফসেট সাদা কাগজে] প্রিন্ট (**Print**)/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে।

ঝ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে **Applicant Login (Mprof Phase-2)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী **Form Cancel/Photo Change Option** লিংকে গিয়ে **Click to Generate the Security Key** অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** দেয়া হবে। এই **OTP** এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী কেবল একবারই প্রাথমিক আবেদন ফরম বাতিলের সুযোগ পাবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না।

ঞ) আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরমসহ আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল আবেদনকারীকে **SMS** এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে।

৫। রিলিজ স্লিপে আবেদন সম্পর্কিত জ্ঞাতব্য

যে সকল আবেদনকারী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত কোর্সে ভর্তি হবে না, সে সকল আবেদনকারী শূন্য আসন সাপেক্ষে তিনটি কলেজে আলাদাভাবে কোর্স নির্ধারণ করে রিলিজ স্লিপে আবেদন করতে পারবে। কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন করা হবে না, সে সকল আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।

৬। দ্বৈত ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী অন্য কোন শিক্ষা কার্যক্রমে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৭। কলেজ কর্তৃপক্ষের করণীয়

ক) কলেজসমূহ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **College (Postgraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত **User ID** ও **Password** এন্ট্রি দিতে হবে। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় **Click to Generate the Security Key** অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** ও কলেজ ই-মেইল এর মাধ্যমে **One Time Password (OTP)** দেয়া হবে। এই **OTP** ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক কোন আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে ঐ আবেদনকারীকে এ ভর্তি কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হবে না অর্থাৎ তার কোন মেধা তালিকা প্রণয়ন করা হবে না।

খ) কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদনকারী কর্তৃক প্রদত্ত সকল তথ্য ও ছবি অত্যন্ত সতর্কতার সঙ্গে যাচাই করে নিতে হবে। কোন প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবিতে অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে আবেদনকারীকে অনলাইনে আবেদন ফরমটি বাতিলপূর্বক সঠিক তথ্য/ছবিসহ নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। উল্লেখ্য যে, ভুল তথ্য অথবা ত্রুটিপূর্ণ ছবি (আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি) দিয়ে কোন আবেদনকারী ২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে প্রাথমিক আবেদন ফরম পূরণ করলে তার ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এখানে উল্লেখ্য যে, কোর্সভিত্তিক আবেদনের যোগ্যতা ও শর্তাবলী পূরণ না হলে কোন আবেদনকারীর প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন করা যাবে না।

গ) সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহকে ০৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ থেকে শুরু করে ০৩ মার্চ ২০২৬ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক বিএড কোর্সে ভর্তির জন্য অনুমোদিত ও তালিকাভুক্ত (ডেপুটেশন প্রাপ্ত) শিক্ষকগণের আবেদন ফরম, শিক্ষাগত যোগ্যতার সকল নম্বরপত্র ও সনদপত্র, ডেপুটেশন প্রাপ্তির অফিস আদেশ, শিক্ষকতার প্রত্যয়ন পত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) মূলকপি, দুই কপি পাসপোর্ট সাইজের সম্প্রতি তোলা ছবি ও আবেদন ফি জমা নিতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজকে এ সকল আবেদন পত্র যাচাই-বাছাই করে আবেদনকারীদের একটি পূর্ণাঙ্গ তালিকা ও প্রয়োজনীয় তথ্য নির্দিষ্ট ছকে ১৫ মার্চ ২০২৬ তারিখের মধ্যে ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর প্রেরণ করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ডেপুটেশন প্রাপ্ত শিক্ষকগণের চূড়ান্ত ভর্তির অনুমোদন দেয়ার পরে এ সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফি ও রেজিস্ট্রেশন ফি সোনালী ব্যাংকের মাধ্যমে জমা নেয়া হবে। উল্লেখ্য যে, ডেপুটেশন প্রাপ্ত শিক্ষক ব্যতীত অন্যান্য আবেদনকারীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের মাধ্যমে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।

যে সকল আবেদনকারী **Blank Data Entry Form (Mprof Phase-2)** এর মাধ্যমে আবেদন করবে তাদের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, আবেদনকারীর দাখিলকৃত নম্বর ও সনদপত্র, শিক্ষকতার প্রত্যয়ন পত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) মূলকপি, প্রযোজ্য ক্ষেত্রে মূল মাইগ্রেশন সনদ ও ছবি সতর্কতার সংগে যাচাই করে নিতে হবে। এ ধরণের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ "প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীদের প্রদত্ত সকল তথ্য ও ছবি সঠিক"- মর্মে একটি প্রত্যয়নপত্র, আবেদন ফরমের কপি, যাচাইকৃত প্রয়োজনীয় কাগজপত্র এবং মার্কশীটের কপি সত্যায়িত করে (অধ্যক্ষ কর্তৃক) সংশ্লিষ্ট আবেদনকারীদের একটি তালিকা ১৫ মার্চ ২০২৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) দপ্তরে প্রেরণ করবেন। উক্ত প্রত্যয়ন পত্র ব্যতীত **Blank Data Entry Form** এর মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক **Blank Data Entry Form** এ ভর্তি যোগ্যতার শর্তপূরণ করেনি এমন আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করা হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ বহন করবে এবং এ সকল আবেদনকারীর ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত ইউজিসি স্বীকৃত অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রীধারী আবেদনকারীদের ক্ষেত্রে চূড়ান্ত ভর্তির সময় অন্যান্য কাগজপত্রের সঙ্গে অবশ্যই মূল মাইগ্রেশন সনদ সংশ্লিষ্ট কলেজ কর্তৃক জমা নিতে হবে। এ ধরণের শিক্ষার্থী ভর্তি পরবর্তী নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজে মূল মাইগ্রেশন সনদ দাখিল করতে ব্যর্থ হলে তার রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।

ঙ) প্রতিটি কলেজ তাদের নিজস্ব তত্ত্বাবধানে নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি/চূড়ান্ত ভর্তি ফি গ্রহণ করবেন। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ তাদের নিজস্ব ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে আবেদনকারী প্রার্থীদের নির্দেশনা প্রদান করবেন।

চ) ২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে প্রাথমিক আবেদন ফি ও কোর্সভিত্তিক রেজিস্ট্রেশন ফি:

i) আবেদনকারী প্রতি প্রাথমিক আবেদন ফি:

| | |
|---|---|
| প্রাথমিক আবেদন ফি | = ১,০০০/- (এক হাজার) টাকা<br>[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ৮০০/- (আটশত) টাকা ও কলেজের অংশ ২০০/-(দুইশত) টাকা] |

ii) শিক্ষার্থী প্রতি কোর্সভিত্তিক রেজিস্ট্রেশন ফি:

| কোর্সের নাম | খাতসমূহ | ফিসের হার |
|---|---|---|
| ক) ব্যাচেলর অব এডুকেশন<br>খ) মাস্টার অব এডুকেশন<br>গ) মাস্টার অব ফিজিক্যাল এডুকেশন<br>ঘ) এলএলবি শেষপর্ব<br>ঙ) এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং<br>চ) ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন<br>ছ) ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন<br>জ) মাস্টার অব স্পেশাল এডুকেশন<br>ঝ) ব্যাচেলর অব মাদ্রাসা এডুকেশন | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ২,০০০/- (দুই হাজার) টাকা<br>= ১০০/- (একশত) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট= ২,১২০/- (দুই হাজার একশত বিশ) টাকা |
| ঞ) এমবিএ ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট<br>ট) মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ) | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ৭,৫০০/ (সাত হাজার পাঁচশত) টাকা<br>= ১০০/- (একশত) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট= ৭,৬২০/- (সাত হাজার ছয়শত বিশ) টাকা |
| ঠ) মাস্টার্স ইন মিডিয়া এন্ড জার্নালিজম | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ৩,৫০০/ (তিন হাজার পাঁচশত) টাকা<br>= ১০০/- (একশত) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট= ৩,৬২০/- (তিন হাজার ছয়শত বিশ) টাকা |
| ড) শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি<br>ঢ) শিক্ষার্থী প্রতি ভর্তি পুন:বহাল ফি | = ১,০০০/- (এক হাজার) টাকা<br>= ১,০০০/- (এক হাজার) টাকা | |

ছ) সংশ্লিষ্ট কলেজকে প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ৮০০/- (আটশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Mprof Phase-2)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ সংশ্লিষ্ট ভর্তি ফান্ডের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

জ) কলেজকে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [শিক্ষার্থী প্রতি কোর্সভিত্তিক বর্ণিত হারে টাকা] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Mprof Phase-2)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ঝ) এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন অথবা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৫.০২.২০২৬

(প্রফেসর ড. ফকির রফিকুল আলম)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন : ০২-৯৯৬৬৯১৫৭৪
ই-মেইল- adm.masf@nu.ac.bd

স্মারক নং- ১৭(৭৬৯)জাতীবি/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০২৬/৫৭১৬ তারিখ: ০৫/০২/২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯। অফিস কপি।

স্বা/-
( মোহাম্মদ সিরাজুল ইসলাম)
উপ-রেজিস্ট্রার (মাস্টার্স প্রফেশনাল)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ